

ফায়ম
৪১

শিক্ষা ভবনে দুর্নীতি অনিয়ম দূর করার নির্দেশ

স্টাফ রিপোর্টার ৷ শিক্ষা ভবনের দুর্নীতি, অনিয়ম ও নানা সমস্যা অধিগণে সমাধান করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ডিক্রিকে নির্দেশ দিয়েছেন শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরী। দুর্নীতিসহ নানা অভিযোগে অভিযুক্ত শিক্ষা ভবনের ঠিক পচকে দেখতে সোমবার শিক্ষা ভবনে ঝটিকা অভিযান চালাতে গিয়ে তিনি এই নির্দেশ দেন।

(২- পৃষ্ঠা ৩-এর কাঃ দেখুন)

শিক্ষা ভবনে দুর্নীতি (১৬-এর পাতার পর)

কাউকে কিছু না বলে হঠাৎ করেই তিনি হাজির হন শিক্ষা ভবনে। সেখানে বিভিন্ন পোককে দেখতে পেয়ে তিনি জানতে চান তারা কারা। এ সময় বিভিন্ন অফিস থেকে আসা শিক্ষকরা তাঁদের পরিচয় দিলে তিনি বলেন, আপনাদের ভো দুটোর আগে এখানে আসার কথা নয়। এরপর তিনি দেখতে পান ওএসডিক্রাও বেশ কয়েক শিক্ষককে। এসময় তিনি এই শিক্ষকদের পদায়ন করার জন্য ডিক্রিকে নির্দেশ দেন। একই সঙ্গে শিক্ষা ভবনের দুর্নীতি বন্ধে পদক্ষেপ নিতে বলেন। এ সময় শিক্ষা সচিবও উপস্থিত ছিলেন।